সমকাল

তারিখ 23 JUN 2017
পৃষ্ঠা ৫ কলাম ২

# জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিলের সভা

■ সমকাল প্রতিবেদক

জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিলের (এনটিইসি) ১৪তম সভা গতকাল বৃহস্পতিবার ঢাকায় সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এতে সভাপতিত্ব করেন।

সভায় জাতীয় শিক্ষক শিক্ষা কাউন্সিল আইন, ২০১৭-এর পরিমার্জিত খসড়া নিয়ে আলোচনা হয়। সভায় শিক্ষামন্ত্রী বলেন, এনটিইসি গঠনের আসল উদ্দেশ্য ছিল, ভালো শিক্ষক তৈরি করা– যারা ভবিষ্যতে শিক্ষকতাকে পেশা হিসেবে নেবেন তাদের যথাযথভাবে প্রস্তুত করা।